ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০৭

ফোন (অফিস): ৪৯২৭৪০০৩, ফোন (পিএবিএক্স): ৪৯২৭৪০৩৪-৫৩ এক্স: ১১০১, ফ্যাক্স: ০২-৪৯২৭৪০০১-০২, Email: reg_duet@duet.ac.bd, web: www.duet.ac.bd

স্মারক নং-ঢাপ্রপ্রবি/৩৭০/২০০৮/(অংশ-৩)/ ৩৯৪৮ তারিখ : ০৫/১১/২০২৬ খ্রি.

বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীর অবগতির জন্য জানানো যাইতেছে যে, আগামী ৭ নভেম্বর, ২০২৬ খ্রি. তারিখ শনিবার **"জাতীয় বিপ্লব ও সংহতি দিবস"** উদ্‌যাপন উপলক্ষ্যে বিকাল ৩:০০ ঘটিকায় বিশ্ববিদ্যালয়ের শহিদ আবু সাঈদ প্রশাসনিক ভবনের (১১ তলা, কক্ষ নং-১১১০) সেমিনার কক্ষে আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হইয়াছে। আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকিবেন অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. প্রকৌশলী মোহাম্মদ ইকবাল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকিবেন অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় প্রো-ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. প্রকৌশলী রুমা। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করিবেন অত্র বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. মো: মোস্তাকুর রহমান।

উল্লেখ্য, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.৩০.০৬২.৯১.৩০১.১৮.২৪৬; তারিখ: ০৩/১১/২০২৬ খ্রি. মোতাবেক ৭ নভেম্বর, ২০২৬ খ্রি. তারিখ শনিবার **"জাতীয় বিপ্লব ও সংহতি দিবস"** উদ্‌যাপন উপলক্ষ্যে অত্র বিশ্ববিদ্যালয়ে সকাল ৯:০০ ঘটিকায় জাতীয় পতাকা উত্তোলন কর্মসূচী অনুষ্ঠিত হইবে।

উক্ত আলোচনা অনুষ্ঠান ও পতাকা উত্তোলন কর্মসূচীতে সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীকে যথাসময়ে উপস্থিত থাকিবার জন্য বিশেষভাবে অনুরোধ করা হইল।

স্বাক্ষরিত/-
(অধ্যাপক ড. মো: মোস্তাকুর রহমান)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
ফোনঃ ৪৯২৭৪০০৩ (অফিস)
তারিখ : ০৫/১১/২০২৬ খ্রি.

স্মারক নং-ঢাপ্রপ্রবি/৩৭০/২০০৮/(অংশ-৩)/ ৩৯৪৮

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১। পিএস টু ভিসি (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), ডুয়েট, গাজীপুর;
২। এপিএস টু প্রো-ভিসি (প্রো-ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য) ডুয়েট, গাজীপুর;
৩। সকল-ডীন/বিভাগীয় প্রধান/পরিচালক/হল প্রভোস্ট/অফিস প্রধান/শাখা প্রধান
(সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীকে অবহিতকরণসহ কার্যকরী ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হইল);
৪। পরিচালক, কম্পিউটার সেন্টার
(বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল);
৫। সভাপতি- পরিবেশ, ক্যাম্পাস ওয়েলফেয়ার ও নিরাপত্তা কমিটি;
৬। কম্পট্রোলার;
৭। সহযোগী পরিচালক (ছাত্র কল্যাণ);
৮। উপ-পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ);
৯। উপ-পরিচালক, যানবাহন শাখা;
১০। উপ খতিব, কেন্দ্রীয় মসজিদ;
১১। সিকিউরিটি অফিসার, নিরাপত্তা শাখা;
১২। সকল নোটিশ বোর্ড, বিশ্ববিদ্যালয় ও হল সমূহ;
১৩। সংরক্ষণ নথি/গার্ড ফাইল।

Mazid Haque.
05-11-26
(এ. বি. এম. মঈনুল হক)
ডেপুটি রেজিস্ট্রার
সংস্থাপন শাখা